গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা

সভাপতি : ড. এ এফ এম মনজুর কাদির, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২১ নভেম্বর, ২০১৯
সময় : বিকাল ০৩:৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস কক্ষ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয়:

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর উপর পর্যালোচনা;
২। প্রাগম ও প্রাশিঅ কর্তৃক জাতীয় শুদ্ধাচারের উপর গৃহীত কার্যক্রম পর্যালোচনা;
৩। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) প্রাশিঅ, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য জনাব রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দেন। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, উপপরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। নিম্নের বিষয়গুলো সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্র:নং	বিষয়	আলোচনা	অগ্রগতি
১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর উপর পর্যালোচনা	প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক নিম্নের কার্যক্রমগুলো ধারাবাহিকভাবে আলোচনা করা হলো: ক) **কর্মপরিকল্পনার ক্রমিক নং ১** মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত সভাগুলো নিয়মিত করা হচ্ছে এবং সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।	ক) সভার সিদ্ধান্তগুলো শতভাগ বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (সংস্থাপন)
		খ) **কর্মপরিকল্পনার ক্রমিক নং ২** মোতাবেক সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণগুলো বার্ষিক কর্মপরিকল্পনায় ২০১৯-২০ এ অর্ন্তভুক্ত করা হয়েছে । আগামী ডিসেম্বর/২০১৯ থেকে প্রশিক্ষণ গুলো শুরু করা যেতে পারে মর্মে সভায় অলোচনা করা হয়। উপপরিচালক (সংস্থাপন) জানান যে, প্রশিক্ষণগুলো প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতের প্রাশিক্ষণ কোডে প্রাপ্ত বরাদ্দ থেকে আয়োজন করা হবে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়েছে।	খ) বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সকল প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে: সহকারী পরিচালক (সা: প্রশা:)
		গ) **কর্মপরিকল্পনার ক্রমিক নং ৩** মোতাবেক মেরামত ও সংস্কার সংক্রান্ত নীতিমালা ও শিক্ষক বদলী নীতিমালা যুগপোযোগীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট পরিচালকগণ সভায় অবহিত করেন। ইতোমধ্যে বর্ণিত বিষয়ে প্রাগম-তে সভা অনুষ্ঠিত হয়েছে। মেরামত ও সংস্কার সংক্রান্ত নীতিমালাটির খসড়া ইতোমধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	গ) সপ্রাবি এর ভবনের মেরামত ও সংস্কার সংক্রান্ত নীতিমালা এবং শিক্ষক বদলী নীতিমালা যুগপোযোগীকরণ সংক্রান্ত প্রজ্ঞাপনটি জারির বিষয়ে মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পলিসি ও অপারেশন) ও পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
		ঘ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ৪ মোতাবেক ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনায় পরিচালক (আইএমডি) জানান যে, প্রাশিঅ এর ওয়েবসাইটে তথ্য অধিকার, টোল ফ্রি নম্বরসমূহ, শুদ্ধাচার সেবাবক্স প্রতিনিয়ন হালনাগাদ করা হচ্ছে । এছাড়া অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্সটি অধিকতর কার্যকরি করার বিষয়ে অভিযোগগুলো সংশ্লিষ্ট শাখার মাধ্যমে তদন্ত করা হচ্ছে এবং সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে মর্মে উপপরিচালক (সংস্থাপন) সভায় অবহিত করেন।	ঘ) ওয়েবসাইটে সেবাবক্স প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে। GRS সেবাবক্সটি অধিকতর কার্যকর করতে সেবা প্রত্যাশিদের অভিযোগের ফলোআপ অবহিত করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (আইএমডি) ও উপপরিচালক (সংস্থাপন)।
		ঙ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ৬ মোতাবেক প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ক আলোচনায় বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন, এডিপি বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অগ্রগতি পরিদর্শন, পরিবীক্ষণ এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ প্রতিমাসে প্রদান করছেন। এছাড়া সংশ্লিষ্ট পরিচালক ও প্রকল্প পরিচালকগণ সুপারিশ সমূহের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন মর্মে সভায় অবহিত করেন।	ঙ) পরিদর্শনের ফলোআপ ও সুপারিশসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (সকল) ও প্রকল্প পরিচালক (সকল)
		চ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ৭ মোতাবেক ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ক ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইট প্রকাশ এবং ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়।	চ) ক্রয়ক্ষেত্রে শতভাগ ই-জিপি অনুসরণ করতে হবে। এছাড়া পরিদর্শন/সুপারিশের উপর কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (সংগ্রহ)

		ছ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ৮ মোতাবেক স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ বিষয়ক আলোচনায় সিটিজেনস্ চার্টার, শাখা/ অধিশাখা অফিস পরিদর্শন সচিবালয়ের নথি শ্রেণিবিন্যাসকরণ ও বিনষ্টকরণ বিষয়ক আলোচনায় পরিচালকগণ জানান যে, তাঁরা ইতোমধ্যে ৫০% নথি শ্রেণীকরণ সম্পন্ন করেছেন। অবশিষ্ট নথি গুলো শ্রেণীকরণ শেষে অপ্রয়োজনীয় নথিগুলো যথাশীঘ্র বিনষ্ট করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। **জ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ৯ মোতাবেক** শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম বিষয়ে আলোচনায় জুরুরী চিঠিপত্র ওয়েবসাইটে প্রকাশ, হেল্পডেস্ক স্থাপন, ডিজিটাল হাজিরা চালু ,অনলাইন আবেদন গ্রহণ ও সিটিজেন চার্টার অনুযায়ী নিষ্পত্তিকরণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। স্মারক নং ৩৮.০১.০০০০.১১০.০৬.০০১.১৭-৭৪৬, তারিখ: ১৮/১১/২০১৯ মোতাবেক সিটিজেনস্ চার্টার হালফিল করার জন্য মাঠপর্যায়ে পত্র প্রদান করা হয়েছে। **ঝ) কর্মপরিকল্পনার ক্রমিক নং ১০ মোতাবেক শুদ্ধাচার চর্চার** জন্য পুরস্কার প্রদানের নিমিত্তে বিভাগীয় উপপরিচালকগণের মাধ্যমে মাঠ পর্যায় থেকে তালিকা সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে খুব শীঘ্রই বাছাই কার্যক্রম সম্পূর্ণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়।	ছ) প্রয়োজনীয় নথি শ্রেণীকরণ ও অপ্রয়োজনীয় নথি বিনষ্টের কার্যক্রম আগামী দুই মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (সকল) জ) হেল্পডেস্কের মাধ্যমে অভ্যাগতদের সেবাপ্রদানের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা প্রতিমাসে একবার প্রতিবেদন আকারে প্রস্তুত করে মহাপরিচালক কে অবহিত করতে হবে। বাস্তবায়নে: অতিরিক্ত মহাপরিচালক ঝ)পুরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের কর্মপরিকল্পনা মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কার প্রদানের কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/অর্থ
২	প্রাগম ও প্রাশিঅ কর্তৃক জাতীয় শুদ্ধাচারের উপর গৃহীত কার্যক্রম পর্যালোচনা	প্রশিক্ষণ ম্যানুয়াল ও সহায়ক গাইডে শিক্ষার্থীদের সাথে শিক্ষকের যৌক্তিক আচরণ সর্ম্পকিত বিষয় অর্ন্তভুক্ত করার উদ্যোগ প্রশিক্ষণ শাখা থেকে এবং বিদ্যালয়ে শিশুদের উপর শারিরীক ও মানসিক নির্যাতন রোধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পরিচালক (পলিসি ও অপারেশন) শাখা থেকে নেয়া হয়েছে মর্মে সভায় অবহিত করা হয় । এছাড়া বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমুহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। প্রতিটি বিদ্যালয়ে ও অফিসে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে যা বিভাগীয় উপপরিচালকগণ সভায় অবহিত করেন। অভিযোগ বক্সে অভিযোগ পাওয়া যাচ্ছে না মর্মে আলোচনা করা হয় । এ বিষয়ে জনগনের মধ্যে আস্থা অর্জনে সকল অভিযোগ গুরুত্ব সহকারে আমলে নেয়া এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জনগনকে অবহিত করা হলে জনগন অভিযোগ বা সুপারিশ প্রদানে উৎসাহিত হবে মর্মে সভায় আলোচনা করা হয়। এ সংক্রান্ত একটি পত্র বিভাগীয় উপপরিচালকগণকে ১৮ নভেম্বর ২০১৯ তারিখে স্মারক নং ৩৮.০০.০০০০.১০৭.০৫.০০৫.১৫ (পার্ট ৩)-৭৪৫ মোতাবেক প্রেরণ করা হয়েছে।	দ্রুত অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করার উদ্যোগ গ্রহন করতে হবে। এছাড়া অন্যান্য বিষয়গুলোর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে । বাস্তবায়নে: পরিচালক (সংশ্লিষ্ট)/ বিভাগীয় উপপরিচালক (সকল)।

বিবিধ বিষয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।

২৯.১১.১৯

ড. এ এফ এম মনজুর কাদির
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.২৯.০০১.২০১৯- ৭৫৬ (১৩৫)

তারিখ: ১৪ অগ্রহায়ন, ১৪২৬
২৯ নভেম্বর, ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :
১-২। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম বিভাগ।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল). ..... জেলা।
৮। জনাব .....।
৯। অফিস কপি।

২৯.১১.১৯

মো: দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)